

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৯২৮

১/ বিবিধ

আরবী

أثيبيوا أخاكم، قالوا: وما إثابته؟ قال: تدعون الله له، فإن في الدعاء إثابة له  
ضعيف

رواه أبو نعيم في " أخبار أصبهان " ( 1 / 84 ) عن خلاد بن يحيى: حدثنا يوسف بن  
ميمون الصباغ عن عطاء عن ابن عمر قال: دعي رسول الله صلى الله عليه وسلم إلى  
طعام هو وأصحابه، فلما طعموا قال النبي صلى الله عليه وسلم: فذكره. قلت: وهذا  
إسناد ضعيف، يوسف بن ميمون الصباغ، قال الحافظ في " التقريب ": " ضعيف ".  
وفي " الميزان " أن البخاري قال فيه: " منكر الحديث جدا ". وله شاهد من حديث  
جابر مرفوعا. لكن في إسناده مدلس ورجل لم يسم. انظر تعليقنا على الحديث (193)  
من " الكلم الطيب

বাংলা

১৯২৮। তোমরা তোমাদের ভাইকে সাওয়াব প্রদান কর। তারা বললঃ তাকে সাওয়াব দেয়ার অর্থ কি? তিনি  
বললেনঃ তোমরা তার জন্য আল্লাহর নিকট দুয়া কর। কারণ দুয়ার মধ্যে তার জন্য সাওয়াব নিহিত রয়েছে।

হাদীসটি দুর্বল।

এটিকে আবু নুয়াইম “আখবারু আসবাহান” গ্রন্থে (১/৮৪) খাল্লাদ ইবনু ইয়াহইয়া হতে, তিনি ইউসুফ ইবনু  
মাইমুন সবাগ হতে, তিনি আতা হতে, তিনি আব্দুল্লাহ ইবনু উমার (রাঃ) হতে বর্ণনা করেছেন। তিনি বলেনঃ  
রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এবং তার সাহাবীগণকে খাওয়ার দাওয়াত দেয়া হলো। অতঃপর যখন তারা  
খাদ্য খেলেন তখন রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ ... ।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল। বর্ণনাকারী ইউসুফ ইবনু মাইমূন সব্বাগ সম্পর্কে হাফিয ইবনু হাজার "আততাকরীব" গ্রন্থে বলেনঃ তিনি দুর্বল। আর "আলমীযান" গ্রন্থে এসেছে যে, ইমাম বুখারী তার সম্পর্কে বলেনঃ তিনি খুবই মুনকারুল হাদীস।

জাবের (রাঃ)-এর হাদীস হতে মারফু' হিসেবে তার একটি শাহেদ বর্ণিত হয়েছে। কিন্তু সেটির সনদে মুদাল্লিস বর্ণনাকারী এবং এক নাম না-নেয়া ব্যক্তি রয়েছে। আপনি "আলকালেমুত তাইয়্যিব" গ্রন্থের (১৯৩) হাদীসে আমার টীকা দেখুন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72811>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন